#### পূজ্যপাদ

## শ্রীলক্ষঞ্দাসকবিরাজ-গোস্বামি-বিরচিত

# শ্রীশীচেতন্যচরিতামতের পরিশিপ্ত

## **এতি**।গোরস্থদরের কুপায় ক্ষারিত

এবং

কুমিল্লা-ভিক্টোরিয়া-কলেজের এবং পরে চৌমুহনী-কলেজের ভূতপূর্ব্ব অধ্যক্ষ

## গ্রীরাধাগোবিন্দ নাথ

কর্তৃক লিখিত

#### ত্তীয় সংস্করণ

#### ভক্তিগ্রন্থ-প্রচার-ভাণ্ডার

৪৬, রসারোড ্ইষ্ ফার্ষ্ট লেন, টালিগঞ্জ, কলিকাতা-৩৩ শ্রীশ্রীচৈতভাব্ধ ৪৬৮, বঙ্গাব্ধ ১৩৬•

#### মূল্য

অন্ত্যলীলা ও পরিশিষ্টের মূল্য ১৬১ টাকা; থরচ-পরিমাণ পাইকারী মূল্য ১২॥০ টাকা 🖰

গ্রের মূল্য নিম্নলিখিত হারে বর্দ্ধিত হইল:—আদিলীলা ও ভূমিকা ১৩ টাকা; মধ্যলীলা সম্পূর্ণ ১৬ টাকা; পাইকারী মূল্য পূর্ব্বিৎ রহিল।

## নিবেদন

শ্রীমন্মহাপ্রভুর রূপায় এবং ভক্তবুনের আশীর্কাদে গোররূপা-তরক্ষিণী টীকা-সম্বলিত শ্রীশ্রীচৈতভাচরিতামৃত তৃতীয় সংস্করণের পরিশিষ্ট প্রকাশিত হইল। অনিবার্য্য কারণে পরিশিষ্ট-প্রকাশে অনেক বিলম্ব হইয়াছে। তজ্জভা সহাদয় পাঠকর্নের নিকটে ক্ষমা প্রার্থনা করিতেছি।

শ্রীনিটেত হাট বিতামৃতের অনুশীলনকারী দিপের সর্ববিধ স্থবিধার দিকে লক্ষ্য রাধিয়াই পরিশিষ্ট রচনার চেষ্টা করা হইয়াছে। শ্লোকস্টী-প্যারস্টী দেখিয়া শ্রীগ্রন্থের যে কোনও শ্লোক বা প্যার পাঠক অনায়াসে বাহির করিতে পারিবেন। কোনও একটা বিষয় সম্বন্ধে শ্রীগ্রন্থের বিভিন্ন স্থানে বর্ণনা আছে। মূলগ্রন্থের বিষয়-স্টোতে প্রত্যেক বর্ণিত বিষয়ই প্যারাঞ্চের সহিত একইস্থানে সন্ধালত হইয়াছে এবং বর্ণনার বিভিন্ন স্তর স্ব্রোকারে উল্লিখিত হইয়া এইরূপ ধারাবাহিক ভাবে বিহান্ত হইয়াছে, যাহাতে মূলগ্রন্থের আলোচনা ব্যতীতই আলোচ্য বিষয়টার সম্বন্ধে মোটামোটি ধারণা জ্নিতে পারে। গৌরক্বপা-তর্ন্ধিণী টীকাতে যে স্কল বিষয় বিশেষভাবে আলোচ্ত ইইয়াছে, মূলগ্রন্থের বিষয়স্ত্রীর অনুরূপ ভাবে সে সমস্ত বিষয়ও পৃথক্ এক স্থচীতে সন্ধালত হইয়াছে।

পাত্রস্থচী এবং স্থানাদি-সূচী তো দেওয়া ইইয়াছেই; পৃথক্ ভাবে স্থানাদির ভৌগোলিক পরিচয় এবং একশত ছাব্বিশ জন গৌর-পার্যদের চরিত্রও পরিশিষ্টে সন্নিবেশিত ইইয়াছে।

পারিভাষিক শব্দের স্থচী এবং প্রাদেশিক ও বিশেষার্থবাচক-শব্দসমূহের অর্থ এবং স্থচীও পরিশিষ্টে সনিবেশিত হইয়াছে। আরও কোনও কোনও জ্ঞাতব্য বিষয়ের স্থচীও দেওয়া হইয়াছে।

কোনও কোনও প্রারের এবং শ্লোকের টীকাতে কিছু অতিরিক্ত বিষয় সংযোজিত করার প্রয়োজন অন্নভূত হওয়ায় একটী টীকা-পরিশিষ্টও সলিবিষ্ট করা হইয়াছে :

ক্ষেক্টী নৃত্ন প্রবন্ধও সন্নিবিষ্ট করা হইয়াছে।

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তীর টীকা সম্বন্ধে এন্থলে হুই একটী কথা বলিতে ইচ্ছা করি। ১৩১∢ বাংলা সালে কলিকাতা-স্থিত ৯৮নং রাধাবাজার খ্রীট হইতে চন্দ্র এণ্ড ত্রাদার্স কর্তৃক শ্রীল মাথনলাল ভাগবতভূষণ মহোদয়ের সম্পাদিত শ্রীশ্রীচৈতভাচরিতামৃতের একটী সংস্করণ প্রকাশিত হইয়াছিল। এই সংস্করণে ভাগবতভূষণ মহাশয়ের নিঞ্বের একটা টীকা এবং তদতিব্যক্ত একটা সংস্কৃত-টাকাও সন্নিবেশিত হইয়াছিল। ভাগবতভূষণ মহাশয় লিথিয়াছেন—এই সংস্কৃত টীকাটী "শ্রীবিশ্বনাথ চক্রবর্তীর ক্বত।" কিন্তু তিনি টীকাকার শ্রীবিশ্বনাথ চক্রবর্তীর কোনও পরচয় দেন নাই। এই টীকার কোনও কোনও অংশ আমরা গৌরক্বপা-তরঙ্গিণী টীকাতেও চক্রবর্ত্তিপাদের নামোল্লেথ-পূর্বক গ্রহণ করিয়াছি। যাহাহউক, "বিশ্বনাথ চক্রবর্তী" শুনিলেই বৈগুব-স্মাজে প্রায় সকলের মনেই শ্রীমদ্ভাগবতাদি বহুগ্রস্থের টীকাকার স্থ্রসিদ্ধ বৈষ্ণবাচার্য্য শ্রীপাদ বিশ্বনাথ চক্রবর্তীর কথাই জাগে। তাই কেহ কেহ মনে করেন, শ্রীচৈতন্তরিতামুতের সংস্কৃত-টীকাকারও তিনিই; আবার কেহ কেহ তাহা স্বীকার করেন না। বস্ততঃ শ্রীগ্রন্থের সংস্কৃত-টীকাটী দেখিলে ইহা স্থপ্ৰসিদ্ধ চক্ৰবন্তিপাদের টীকা নহে বলিয়া মনে করার যথেষ্ট কারণ যে নাই, তাহা বলা যায় না। ভাগবতভূষণ মহাশয়ও এই টীকার সকল অংশের অন্তুসরণ করেন নাই। চক্রবর্তিপাদের শ্রীমদ্ভাগ-বতাদিগ্রন্থের টীকাতে প্রারম্ভে মঞ্চলাচরণাদি এবং উপসংহারেও বিশেষ উক্তি কিছু দৃষ্ট হয়; কিন্তু এই টীকায় সে সমস্ত কিছু নাই। তু'য়েক হলে এমন কথাও আছে, যাহা চক্রবত্তিপাদের সক্ষজন বিদিত সিদ্ধান্তের প্রতিক্ল। আরও কয়েকটী কারণে মনে হয়, এই সংস্কৃত-টীকা হয়তো অপর কোনও বিশ্বনাপ চক্রবন্তার লিখিত। স্কুপ্রসিদ্ধ বৈঞ্চবাচার্য্য চক্রবন্তিপাদের টীকা মনে করিয়া কোনও কোনও ভক্ত পরিশিষ্টে এই সংস্কৃত-টীকাটী সন্নিবিষ্ট করার জন্ম ইচ্ছা প্রকাশ করিয়াছিলেন। তদনুসারে আমরা মুদ্রণের উদ্দেশ্যে এই টীকার প্রতিলিপিও করিয়াছিলাম।

#### [ २ ]

কিন্তু উল্লিখিত কারণে, বিশেষতঃ গ্রন্থ-কলেবর-বৃদ্ধির আশক্ষায় এবং কোনও তক্তের পরামর্শে, তাহা মুদ্রিত হইল না।

১০৫৪ বাংলা সনের ২২শে অগ্রহায়ণ তারিখে মুদ্রণের জন্য সর্বপ্রথম শ্রীপ্রস্থ ছাপাখানায় প্রেরিত হয়; পৌষমাসের ৯ই তারিখে মুদ্রণকার্য্য আরম্ভ হয়। ১০৬০ সনের ভাশ্রমাসে সম্পূর্ণ প্রস্তের মুদ্রণ-কার্য্য শেষ ছইল। প্রায় পৌণে ছয় বংসর লাগিল। প্রস্তের কলেবরের কথা চিন্তা করিলে গ্রন্থমুদ্রণাদির ব্যাপার সম্বন্ধে বাঁহাদের অভিজ্ঞতা আছে, তাঁহাদের নিকটে ইহা অপ্রত্যাশিতরূপে অধিক সময় বলিয়া বিবেচিত ছইবে বলিয়া মনে হয় না। কেবল একটা কাজ লইয়াই মুদ্রায়ন্ত্র ব্যাপৃত থাকিতে পারে না; সময় সময় আবার অপ্রত্যাশিত আকস্মিক ব্যাপারের জন্মও বিদ্ন জন্মে। মুদ্রায়ন্ত্রের অধ্যক্ষ এবং পরিচালকদের আগ্রহ, উৎসাহ ও সহাত্মভূতি না থাকিলে এই সময়ের মধ্যেও এই বিরাট-কায় গ্রন্থের প্রকাশ সন্তব হইত না। তেজন্য তাঁহাদের নিকটে ক্রতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

দেষ্টিব্য। ভূমিকা ও আদিলীলা প্রায় শেষ হইয়া গিয়ছে; অল্ল কয়েক থও মাত্র আছে। যাঁহারা নৃতন গ্রাহক হইতে ইচ্ছুক, তাঁহারা শীঘ্রই গ্রন্থ নিবেন, ইহাই প্রার্থনা; বিলম্বে গ্রন্থপ্রাপ্তি-সম্বন্ধে অস্থবিধা হইতে পারে।
নৃতন গ্রাহকগণ একসম্বেই সমগ্র গ্রন্থ নিবেন, ইহাই বাজনীয়। অগত্যা বাঁহারা একাধিকবারে নিতে ইচ্ছা করেন,
সমগ্র গ্রন্থ নেওয়ার প্রতিশ্রুতি দিলে তাঁহাদিগকে ক্রমশংও দেওয়া যাইতে পারে; কিন্তু ভূমিকা ও আদিলীলা
একসম্বেদ, সমগ্র মধ্যলীলা একসম্বে এবং অন্তালীলা ও পরিশিষ্ঠ একস্কে নিতে হইবে।

দ্রী গ্রন্থের গ্রাহক বৃন্দের এবং সমগ্র ভক্ত বৃন্দের চরণে দণ্ডবং-প্রণিপাত জ্ঞাপন করিতেছি। তাঁহারা রূপা করিয়া আমাদের অপরাধ ক্ষমা করিবেন, ইহাই তাঁহাদের চরণে প্রার্থনা।

৪৬, রসারোড্ ইষ্ট্ ফার্ট্রলেন, টালিগঞ্জ, কলিকাতা-৩৩ ১৯শে ভাদ্র, শুক্রবার, ১৩৬০ সন শ্রীশ্রীহরিবাসর

ভক্ত-পদরজঃপ্রার্থী শ্রীরাধানোবিন্দ নাথ

প্রকাশক
ভক্তিগ্রন্থ প্রচারভাগুরের শক্ষে
শ্রীরাধারো বিন্দ নাথ
৪৮, রদারোড্ইট্ফার্ট লেন,
পোঃ টালিগঞ্জ, কলিকাতা-৩০

মৃদ্যাকর:
শ্রীনরেন্দ্রকুমার নাগ রায় **ইষ্টল্যাও প্রিণ্টার্স**১, গঙ্গাপ্রদাদ লেন, কুমারটুলি,
কলিকাতা-৫

## পরিশিফের সূচীপত্র

বিষয়					পৃষ্ঠা <b>ক্ষ</b>
গ্রন্থপরিচয়	•••	•••	•••	•••	>
আকর-গ্রন্থ	•••	•••	•••	•••	¢
শ্লোক-স্চী	•••	•••	•••	•••	4
পয়ার-সূচী	•••	•••	•••	•••	२ऽ
ভগবংশ্বরূপ-বিগ্রহ-পরি	কর-স্থচী	•••	•••		२०५
প্রাচীন ঋষি-কবি-রাজে	<b>ন্দ্ৰ</b> বৰ্গস্থচী	•••	•••	•••	२०৮
পাত্রস্ফী	•••	•••	•••	•••	280
প্ৰপঞ্-ব্ৰহ্মাণ্ডাতীত ভগ	বদ্ধাম-স্চী	•••	•••	•••	₹€8
স্থান-নদ-নদী-পর্কতাদি	-স্চী	•••	•••	•••	200
পারিভাষিক-শব্দ-সূচী	•••	•••	•••	•••	202
প্রাদেশিক ও বিশেষার্থ	ক শব্দের অর্থ ও স্ফী	•••	•••	•••	२७৫
মূলগ্রন্থের বিষয়-সূচী	•••	•••	•••	•••	২৯২
টীকাতে বিশেষভাবে ত	ালোচিত বিষয়ের স্ফ	1	•••	•••	<b>૭</b> •৫
পাত্ত-পরিচয়	•••	•••	•••	. ••	৩৮ €
স্থান-নদ-নদী-পর্বতাদি	র পরিচয়	•••	•••	•••	883
মুক্তি ( প্ৰবন্ধ )	•••		•••	•••	849
অন্তশ্চিন্তিত সিদ্ধদেহ	( প্রবন্ধ )	•••	•••	•••	877
শ্রীশ্রীগোর-তত্ত্ব সম্বন্ধে (	প্রবন্ধ )	•••	•••	• • •	8 2 %
গোড়ীয়-বৈষ্ণবধৰ্ম্ম ও স	রাগেস ( প্রবন্ধ )	•••	•••	•••	६ २०
শ্রীমন্মহাপ্রভুর সর্যাস	-গ্রহণের তারিখ ( প্রব	ৰ ) …	•••	•••	¢0>
টীকা-পরিশিষ্ট	•••	•••	•••	•••	420
মূলপয়ারাদির শুদ্ধিপত	•••	•••	•••	•••	a a s
ভূমিকার শুদ্ধিপত্র	•••	•••	•••	•••	ce
টীকার শুদ্ধিপত্র	•••	•••	•••	• • •	ce

পরিশিষ্টের স্চীপত্র সমাপ্ত

## শ্রীশ্রীচৈতগুচরিতামতের পরিশিষ্ট

## গ্রন্থ-পরিচয়

শ্রীল রক্ষণাস-কবিরাজগোস্থামি-বিরচিত শ্রীশ্রীতৈত্যচরিতায়ত-গ্রন্থানি হইতেছে শ্রীমন্মহাপ্রভূ শ্রীরক্ষতৈত্য্যদেবের লীলাকথা। শ্রীমন্মহাপ্রভূ আটচল্লিশ বৎসর প্রকট ছিলেন; তন্যাধ্য চিব্রিশ বৎসর গৃহস্থাশ্রমে এবং চিব্রিশ বংসর সন্ন্যাসাশ্রমে। কবিরাজগোস্থামী গৃহস্থাশ্রমের চব্বিশ বংসরের লীলার নাম দিয়াছেন—আদি লীলা; আর সন্ন্যাসাশ্রমের চব্বিশ বংসরের লীলার নাম দিয়াছেন—শেষ লীলা। শেষ লীলাতে তিনি আবার হুই ভাগে বিভক্ত করিয়াছেন—মধ্যলীলা ও অস্ক্যালীলা। সন্ন্যাসের প্রথম ছয় বংসরের লীলার নাম মধ্যলীলা এবং শেষ আঠার বংসরের লীলার নাম অস্ক্যলীলা। সন্ন্যাস গ্রহণ করিয়া প্রভূ নীলাচলেই বাস করেন; প্রথম ছয় বংসর কেবল নীলাচলেই ছিলেন না—একবার দাক্ষিণাত্যে গিয়াছিলেন, একবার গৌড়ে আসিয়াছিলেন এবং একবার ঝারিখণ্ড-পথে বারাণসী হইয়া বৃন্ধাবনে গিয়াছিলেন; ইহাতে ছয় বংসর অতিবাহিত হয়; এই ছয় বংসরের লীলার একটা পৃথক্ নাম দেওয়া হইয়াছে। শেষ আঠার বংসর প্রভূ নীলাচল ছাড়িয়া কোণাও যায়েন নাই।

এইরপে দেথা গেল সমগ্র গ্রন্থ তিন ভাগে বিভক্ত—আদিলীলা, মধ্যলীলা এবং অস্তালীলা। আদিলীলায় মোট সতর্কী, মধ্য লীলায় পঁচিশ্টী এবং অস্তা লীলায় বিশ্চী পরিচ্ছেদ আছে; সমগ্র গ্রন্থে মোট বাষ্ট্রিটী পরিচ্ছেদ।

১। বিভিন্ন পরিচ্ছেদে বর্ণিত বিষয়। কোন্ পরিচ্ছেদে কোন্ কোন্ বিষয় বর্ণিত হইয়াছে, নিমে তাহা স্ত্রাকারে উল্লিখিত হইল।

আদি প্রথম প্রিচ্ছেদ: মঙ্গলাচরণ; মঙ্গলাচরণ-শ্লোক-বিবৃতি-প্রসঙ্গে দীক্ষাগুক্-তত্ত্ব, শিক্ষাগুক্-তত্ত্ব, ভক্ত-তত্ত্ব, অবতার-তত্ত্ব, প্রকাশ ও বিলাস, ঈশ্বরের শক্তি; গৌর-নিত্যানন্দের অবতরণে জগতের তমোনাশ; অজ্ঞান-তমঃ; প্রোজ্বিত-কৈতব প্রম-ধ্র্ম।

আদি দিভীয় পরিচিছেদ। বস্তুনির্দেশরূপ মক্লাচরণ-শ্লোকের বিবৃতি-প্রস্কে শ্রীকৃষ্টেচতক্তরে পরতত্ত্ত্ব; শ্রীকৃষ্টতত্ত্ব; ব্রহা, আত্মা, ভগবান্ এই তিন রূপে শ্রীকৃষ্টের প্রকাশ; শ্রীকৃষ্ট স্বয়ংভগবান্, মূলনারায়ণ; শ্রীকৃষ্টের শক্তি-বৈভব; শ্রীকৃষ্টেই শ্রীচৈতিভারূপে অবতীর্ণ।

আদি তৃতীয় পরিচেছদ। প্রীঠেতভাবতারের দামান্ত কারণ—নাম-প্রেম-বিতরণ; ভগবদবতারের প্রকার; শ্রীকঞ্চাবতরণের জন্ম শ্রীঅবৈতের আরাধনা।

আদি চতুর্থ পরিচ্ছেদ। শ্রীকৈত্যাবতারের মূল কারণ—ব্রহ্মলীলার তিনটী অপূর্ণ বাসনার পূরণ; প্রসম্বাক্ষে শ্রীক্ষাবতরণের মূল ও আহ্যস্থিক কারণ; ব্রজ্গোপীদের প্রেমের কামগন্ধহীনতা; শ্রীরাধার শ্রীকৃষ্ণ-প্রেয়গী-শিরোমণিত্ব; শক্তি ও শক্তিমানের ভিন্নাভিন্নত্ব; রাধাভাবহাতি স্ববলিত কৃষ্ণই গৌর।

আদি পঞ্চম পরিচ্ছেদ। শ্রীনিত্যানন্দ-তত্ত্ব; ব্রজ্ঞের বলরামই নবদ্বীপের নিত্যানন্দ। ভগবদ্ধামসমূহ ও ব্রহ্মাণ্ড-সমূহের সংস্থান। ব্রহ্মাণ্ড-স্থানির নিমিন্ত-কারণ ও উপাদান-কারণ শ্রীর্ফ্ষ; প্রকৃতি গৌণ-কারণ। নিত্যানন্দ-তত্ত্ব-বর্ণন-প্রসঙ্গে সঙ্কর্ষণ-তত্ত্ব, তিন পূর্ষ্য-তত্ত্ব, স্প্রীলায় তিনপূর্ষ্যের সন্ধ্য়।

আদি ষষ্ঠ পরিচেছদ। শ্রীঅবৈত-তত্ত্ব—মহাবিষ্ণুর অবতার, জগতের উপাদান-কারণ; শ্রীঅবৈতকর্তৃক শ্রীকৃষ্ণদাস-অভিমানের মাহাত্ম্য-খ্যাপন।

আদি সপ্তম পরিচ্ছেদ। পঞ্চ-তত্ত্ব-বর্ণন ; পঞ্চতত্ত্ব-কর্ত্ত্ক প্রেমদান ; প্রভুর সন্মাস-গ্রহণের হেতু — পঢ়ুয়া-পাষণ্ডী-কর্মি-নিন্দকাদির উদ্ধার ; কাশীতে সশিয় প্রকাশানন্দ সরস্বতীর উদ্ধার ; শঙ্করাচার্য্যকৃত বেদাস্কভায়্যের খণ্ডন। আদি অষ্ট্রম পরিচেছদ। প্রীমন্মহাপ্রভুর ভঙ্গনীয়ত্ব বিচার; শ্রীচৈত গুভাগবতের মহিমা-কীর্ত্তন; শ্রীচৈত গুভ চরিতামৃত রচনার জ্বন্থ কবিরাজগোস্বামীর প্রতি বুন্দাবনবাসী বৈষ্ণবর্দের আদেশ এবং শ্রীমদনগোপালের আজ্রামালা।

আদি নবম পরিচেছদ। ভক্তিকল্পতরর বর্ণন । পর-উপকারের মহিমা।

আদি দশম পরিচেছদ। ভক্তিকল্পতরুর এটিত গুশাখারূপ মুখ্যশাখার বিবরণ।

আদি একাদশ পরিচ্ছেদ। ভক্তিকল্লতকর শ্রীনিত্যানন্দ-শাথার বর্ণন।

আদি দাদশ পরিচেজদ। ভক্তিকল্লতকর শ্রীঅহৈত-শাথার বর্ণন।

আদি ত্রয়োদশ পরিচ্ছেদ। ফাল্পনী পূর্ণিমা তিথিতে শ্রীমন্মহাপ্রস্থ জন্মলীলা বর্ণন।

আদি চতুর্দ্দশ পরিচেছদ। মহাপ্রভুর ঈশ-চেষ্টা-গর্ভা বাল্যলীলার বর্ণন।

আদি পঞ্চদ। পরিচেছদ। প্রভূর পৌগও-লীলা; অধ্যয়ন-সীলা; প্রভূর প্রথম বিবাহ।

আদি ষোড়শ পরিচেছদ। প্রভুর কৈশোরলীলা বর্ণন; অধ্যাপন-লীলা; প্রভুর পূর্কবিষ্ণ গমন, পূর্কবিষ্ণ নামস্কীর্ত্তন-প্রচার; তপনিশ্রের প্রতি কুপা; প্রভুর প্রথম। পত্নী লক্ষীদেবীর অন্তর্ধান; পূর্কবিষ্ণ হইতে নবদ্বীপে প্রত্যাবর্ত্তন; বিষ্ণুপ্রিয়াদেবীর সহিত পরিণয়; দিগ্বিজ্যী-জয়।

আদি সপ্তদেশ পরিচেছদ। প্রভ্র যৌবন-লীলার বর্ণনা; বিজেপিছতা; বায়ুব্যাধিচ্ছলে প্রেম-প্রকাশ; গ্রায় গ্রমন; দীক্ষালীলা; নবদীপে প্রভ্যাবর্ত্তন; মহাপ্রকাশ; শ্রীবাস-অঙ্গনে কীর্ত্তন; নগর-স্কীর্ত্তন; কাঞ্জীদমন; গোপী-ভাবের বৈশিষ্ট্য বর্ণন।

মধ্য প্রথম পরিচ্ছেদ। মধ্যলীলাও অস্তালীলার হৃত্ত; প্রসম্পক্ষরে শ্রীরাধার কুরক্ষেত্র-মিলনের ভাবে রপাগ্রে প্রভুর "য: কৌমারহর:"-শ্লোকার্তি, শ্রীরপকর্তৃক তাহার অর্থ প্রকাশ।

ু মধ্য দ্বিতীয় পরিচেছদ। রাধাভাবাবেশে প্রভুর কয়েকটা প্রলাপ।

মধ্য তৃতীয় পরিচেছদ। প্রভুর সন্নাদগ্রহণ, প্রেমাবেশে তিন দিন রাচ ভ্রমণ, শান্তিপুরে শ্রীঅবৈতগৃহে

্ত্র করে চতুর্থ পরিচেছদ। শাস্তিপ্র হইতে প্রভ্র নীলাচল-গমন-পথে রেম্ণাতে মাধ্যে দ্রপুরীর এবং ক্ষীরচোরা গোপীনাথের বিবরণ।

মধ্য পঞ্চম পরিভেদ। সাক্ষীগোপালের বিবরণ; প্রভূর দণ্ডভদলীলা।

মধ্য ষষ্ঠ পরিচেছদ। প্রভূর নীলাচলে উপস্থিতি, সার্কভোমের প্রতি রূপা—,বদাস্থবিচারাদি; সার্ক-ভোমের উদ্ধার।

মধ্য সপ্তম পরিচেছদ। প্রভুর দাক্ষিণাত্য-গমন; বাস্থদেবোদ্ধার।

মধ্য অষ্ট্রম পরিচেছদ। রায়রামানন্দের সহিত প্রভুর মিলন, সাধ্য-সাধন-তত্ত্বের আলোচনা; রামানন্দের সাক্ষাতে গৌরের স্বীয় স্বরূপ প্রকাশ।

মধ্য নৰম পরিচেছদ। প্রভুর দক্ষিণদেশ-ভ্রমণ, বেষ্টভট্টের সহিত মিলন, দক্ষিণদেশবাসী নানামতাবলম্বী লোকগণের বৈঞ্চব-মত গ্রহণ, প্রভুর নীলাচলে প্রত্যাবর্ত্তন।

মধ্য দশ্য পরিচ্ছেদ। প্রভূর সহিত মিলনের জন্ম রাজা প্রতাপরদ্রের উৎকণ্ঠা । নানাস্থান হইতে আগত ভক্তদের সহিত প্রভূর মিলন ; গৌড়ীয় ভক্তদের নীলাচলে আগমনের উল্লোগ।

মধ্য একাদশ পরিচেছে । প্রতাপরুদ্রকে দর্শন দেওয়ার নিমিত প্রভ্র নিকটে ভক্তগণের অমুন্র । রামানন্দের নীলাচলে আগমন ; গৌড়ীয় ভক্তগণের নীলাচলে আগমন, তাঁহাদের সঙ্গে জগমাণ-মন্দিরে প্রভ্র বেঢ়াকীর্তন ।

মধ্য দাদেশ পরিচেছদ। প্রতাপক্ষরের পুজের সহিত প্রভুর মিলন; গুণ্ডিচামার্জন; ভক্তর্নের সহিত উন্নাল-ভোকন।

মধ্য ত্রেয়োদশ পরিচেছ্দ। রথাগ্রে প্রভুর নৃত্য-কীর্ত্তন, কুরুক্তেত্ত-মিলনে শ্রীরাধার ভাবের আবেশে প্রভুর লীলা, প্রেমাবেশে উন্থানে বিশ্রামাদি।

মধ্য চতুর্দ্দশ পরিচেছদ। প্রতাপক্ষের প্রতি প্রভুর ক্বপা; লক্ষীদেবীর বিজ্ঞাংসব; ব্রজ্মানের বৈশিষ্ট্য।
মধ্য পঞ্চদশ পরিচেছদ। শ্রীঅধৈত ও প্রভু এতহ্ভয়ের পরস্পর পূজা; কৃষ্ণজ্পনোৎসব-লীলা; আবির্ভাবে
শ্রীমাতার গৃহে প্রভুর ভোজন, গোড়ীয় ভক্তদের বিদায়; সার্ব্ধভৌমগৃহে প্রভুর ভোজন; অমোঘের প্রতি ক্বপা।

মধ্য বোড়শ পরিচেছন। বৃন্ধাবন-গমন-চছলে প্রভুর গোড়ে গমন; রামকেলিতে রূপ-স্নাতনের সহিত মিলন; কানাইর নাটশালা হইতে প্রত্যাবর্তন; শান্তিপুরে ভক্তবৃন্দের সহিত ও রঘুনাধদাসের সহিত মিলন।

মধ্য সপ্তদশ পরিচেছদ। বনপথে প্রভ্র বৃন্দাবন-গমন; ঝারিখণ্ডে পার্বত্যজাতিকে এবং বছা স্থাবর-জঙ্গমাদিকে প্রেমদান; কাশীতে তপন্মিশ্রাদির সহিত মিলন; বৃন্দাবন ভ্রমণাদি।

মধ্য অষ্টাদশ পরিচেছদ। প্রভুর বৃন্দাব্ন-ভ্রমণ; শ্রামকুণ্ড-রাধাকুণ্ডের আবিষ্কার, নন্দীখরে নন্দ্যশোদা-সম্বিত শ্রীকৃষ্ণ-বিগ্রহের আবিষ্কার, গোপাল দর্শন, বুন্দাব্ন হইতে প্রয়াগে গ্রমন—পথে মুক্ত-পাঠানগণের উদ্ধার।

মধ্য উনবিংশ পরিচিছেদ। প্রাণে প্রভুর সহিত শীরপগোষামীর মিলন, বল্লভভট্রে গৃহে প্রভুর গমন, শীরাপের প্রতি প্রভুর শিক্ষা— জীবতত্ত্ব, ভক্তিরেস; প্রভুর কাশীতে প্রত্যাবর্ত্তন।

মধ্য বিংশ পরিচেছদ। কাশীতে প্রভুর সহিত শ্রীসনাতনের মিলন, শ্রীসনাতনের প্রতি প্রভুর শিক্ষা— সংক্ষেপে সহন্ধ, অভিধেয় ও প্রয়োজনতত্ত্ব; বাছলো সহন্ধতত্ত্ব—শ্রীকৃষ্ণতত্ত্ব।

মধ্য এক বিংশ পরিচেছদ। সম্বন্ধতত্ত্ব-প্রসঙ্গে প্রীকৃষ্ণের ঐর্পর্য্য-মাধুর্য্যাদি-বর্ণন।

মধ্য দাবিংশ পরিচেছদ। অভিশ্নেয়-ভত্ত্বের বিস্তৃত বিবরণ— বৈধী ও রাগাছগা ভক্তি।

মধ্য ত্রেমোবিংশ পরিচেছদ। প্রয়োজন-তত্ত্ব-প্রেম; পঞ্বিধা রুফরতি; গুঢ় ভাগবত-দিদ্ধান্ত।

মধ্য চতু বিবংশ পরিচেছদ। আত্মারাম-শ্লোকের ব্যাখ্যা।

মধ্য পঞ্চবিংশ পরিচ্ছেদ। কাশীবাসী সন্ন্যাসিগণের বৈঞ্জীকরণ; শ্রীমদ্ভাগবতের বেদান্ত-ভাদ্যব-স্থাপন; প্রভূব নীলাচলে প্রত্যাবর্ত্তন।

অন্তঃ প্রথম পরিচেছদ। শিবানন্দেনের ক্রুর-প্রদঙ্গ; নীলাচলে শ্রীরূপের সহিত প্রভুর মিলন; শ্রীরূপকর্তৃক নাটক-লিখন-প্রসঙ্গ, ভক্তবুনের সহিত প্রভুকর্তৃক নাটকের আস্বাদন; শ্রীরূপের বৃন্দাবনে প্রত্যাবর্ত্তন।

অন্তা দিতীয় পরিচেছদ। নকুল ব্রহ্মচারীর দেহে প্রভুর আবেশ- নৃসিংহানদের সাক্ষাতে আবির্ভাব । ছোট হরিদাসের বর্জন।

অন্ত্য তৃতীয় পরিচ্ছেদ। প্রভুর প্রতি দামোদরের বাক্যদণ্ড; হরিদাস-ঠাকুরের বিবরণ।

অন্তঃ চতুর্থ পরিচেছদ। মথুরা হইতে শ্রীসনাতনের নীলাচলে আগমন, দেহত্যাগ হইতে সনাতনের রক্ষণ, ক্রৈট্রমানের রৌদ্রে সনাতনের পরীক্ষাদি।

অন্তঃ পঞ্চম পরিচেছদ। রামানন্দরায়ের নিকটে প্রহায় মিশ্রের কৃষ্ণকথা শ্রবণ, প্রভুকর্তৃক রামানন্দের মহিমাবর্ণন, বঙ্গাদেশীয় কবির নাটক-প্রসঙ্গ।

অন্তঃ ষষ্ঠ পরিচ্ছেদ। শ্রীরখুনাথদাসগোস্বামীর চরিত্র-বর্ণন; তাঁহার নীলাচলে আগমন, প্রভ্কর্তৃক তাঁহার স্বরূপের হত্তে অর্পণ, তাঁহার বৈরাগ্য ও ভক্ষন।

অন্ত্য সপ্তম পরিচ্ছেদ। নীলাচলে প্রভূর সহিত বন্ধভভট্টের মিলন, ভট্টের গর্কনাশ, ভট্টের প্রতি ফুপাদি। অন্ত্য অপ্তম পরিচ্ছেদ। শ্রীরামচন্দ্রপুরীর চরিত্রকথন ; প্রভূর ভিন্দা-সন্ধোচন। অন্ত্য নবন পরিচ্ছেদ। গোপীনাথ-পট্টনায়কোদার।

অন্ত্য দশম পরিচেছেদ। রাষ্বের ঝালির বর্ণনা; ভক্তবৃন্দের সহিত নরেন্দ্রেরাবরে প্রভুর জলকেলি ; বেঢ়া সঙ্কীর্ত্তন ; প্রভুর ভূত্য গোবিন্দের সেবা-বৈশিষ্ট্য ; প্রভুকর্তৃক ভক্তদত্তপ্রব্য ভোজন ; ভক্তগণকর্তৃক প্রভুর নিমন্ত্রণাদি।

অন্ত্য একাদশ পরিচ্ছেদ। এইরিদাস ঠাকুরের নির্যান।

অন্তঃ স্বাদশ পরিচ্ছেদ। সন্ত্রীক গোড়ীয় ভক্তগণের নীলাচলে আগমন; জগদানন্দের তৈলানয়ন-প্রসঙ্গ ; তৈল-ভাও-ভঞ্জনাদি।

সন্তা ত্রেমাদশ পরিচেছদ। প্রভুর রুঞ্-বিচ্ছেদ-ছু:থ; জগদানদের বৃন্দাবন-গমন; প্রভু কর্ত্ব দেবদাসীর গীত শ্রবণ; রঘুনাথভট্টের প্রতি প্রভুর রুপা।

অন্ত্য চতুর্দ্দশ পরিচ্ছেদ। এড়র দিব্যোনাদ-চেষ্টা, উড়িয়া দ্রীলোকের জগন্নাথ-দর্শন প্রসৃষ্ট প্রভূর অন্থি-গ্রন্থির শিথিলতা।

অন্তঃ পঞ্চল পরিচেছন। প্রভুর দিব্যোনাদ চেষ্টা।

শন্তঃ খোড়শ পরিচেছদ। কালিদাসের বৈফবোচ্ছিষ্টে নিষ্ঠা-প্রসঞ্জ ; সপ্তমবর্ষ বয়সে পুরীদাসকর্ত্ত ক কফবর্ণনাত্মক শ্লোক রচনা; মহাপ্রসাদগুণ বর্ণনা; প্রভুর দিবে, মাদ প্রলাপাদি।

অন্তঃ সপ্তদণ পরিচ্ছেদ। প্রেমাবেশে প্রভুর সিংহছারে পতন, প্রভুর ক্র্যাকৃতি ধারণ; দিব্যোগাদ-

পত্তা অষ্টাদশ পরিচ্ছেদ। জলকেলি-লীলার আবেশে প্রভূর সমূদ্রে পতন, প্রভূর আলোকিক দীর্ঘাকারতাদি।

**অন্ত্য উনবিংশ পরিচ্ছেদ।** প্রভুর মাতৃভক্তি, দিব্যোনাদ-প্রলাপ, গন্তীরার ভিত্তিতে মুখ সং**ঘর্ষণ ইত্যাদি**। রুষণাৰগন্ধ-শুর্তি।

্**শন্ত্য বিংশ পরিচেছদ।** প্রভুকর্ত্বক স্বর চিত শিক্ষাষ্টক শ্লোকের আস্বাদন, তৎপ্রসঙ্গে নাম-স্ক্রীর্ত্তন-মাহাত্ম। এবং রাধাক্তকের বৈশিষ্ট খ্যাপন।

২। প্রস্থের সংস্কৃত- শ্লাক-সংখ্যা। আদিলীলায় ২০৯, মধ্যলীলায় ৬১৮, অন্থলীলায় ১৮০ এবং উপসংখারে ৪, সর্বাসমষ্টি ১০১১। ইহাদের মধ্যে কতকগুলি শ্লোক একাধিকবার উদ্ধৃত হইয়াছে; তাহাদের প্রত্যেকটাকে এক একবার মাত্র করিয়া গণনা করিলে বিভিন্ন শ্লোকের মোট সংখ্যা হইবে ৭৭৭। বিভিন্ন পরিচ্ছেদে উদ্ধৃত শ্লোকের সংখ্যা নিম্নে প্রদৃত হইল:—

আদিলীলা- ২০৯। তন্মধ্যে প্রথম পরিচ্ছেদে ৬৮, দ্বিতীয়ে ১৭, তৃতীয়ে ২০, চতুর্থে ৪৮, পঞ্চমে ২৩, বঠে ১৪, সপ্তমে ৭, অইমে ৫, নবমে ৫, দশমে ২, একাদশে ২, দ্বাদশে ২, ত্রেরাদশে ৩, চতুর্দ্ধি ৪, পঞ্চশেশ ৩, ব্যোড়শে ৬, এবং সপ্তদশে ১০।

মধ্যলীল!—৬১৮। তন্মধ্যে প্রথম পরিচ্ছেদে ১০, দ্বিতীয়ে ১১, তৃতীয়ে ০, চতুর্থে ২, গঞ্চম ১, ষষ্ঠে ২০, সপ্তমে ৪, অষ্টমে ৫০, নবমে ২৬, দশমে ৬, একাদশে ১৪, দাদশে ১, ত্রেষাদশে ৯, চতুর্দ্ধশে ১৫, পঞ্চদশে ৮, বোড়ুশে ০, সপ্তদশে ১৫, অষ্টাদশে ১০, উনবিংশে ৩৯, বিংশে ৬৬, একবিংশে ২২, দাবিংশে ৭২, ত্রেষাবিংশে ৫৮, চতুর্বিংশে ৯৫ এবং পর বিংশে ৪৯।

ত্রালীলা-১৮০। তর্মধ্য প্রথম পরিচেচ্চের ৫৬, দি গীয়ে ২, তৃতীয়ে ১৩, চতুর্থে ৯, পঞ্চমে ৯, ষঠে ৮, সপ্তমে ১৩, অষ্টমে ৭, নবমে ২, দশমে ২, একাদশে ১, দাদশে ১, এরোদশে ১, চতুর্দশে ৭, পঞ্চশে ১৩, যোড্দে ১১, সপ্তদশে ৫, অষ্টাদশে ৩, উনবিংশে ৭ এবং বিংশে ১০।

উপসংহার শ্লোক-8।

৩। **গ্রন্থের পরার ও ত্রিপদীর সংখ্যা।** আদিলীলায় ২০১৫, মধ্যলীলায় ৫০৮৭ এবং অন্তর্গীলায় ৩০৪২ ; সর্বসমষ্টি ১০৫২৪। বিভিন্ন পরিচ্ছেদের পয়ার ও ত্রিপদীর সংখ্যা নিম্নে প্রদত্ত হইল:—

আদিনীলা…২০৯৫। তন্মধ্যে প্রথম পরিচেছদে ৬৭, দ্বিতীয়ে ১০০, তৃতীয়ে ৯২, চতুর্থে ২০০, পঞ্চমে ২১১, বঠে ১০৬, সপ্তমে ১৬৪, অষ্ট্রমে ৮০, নবমে ৫০, দশমে ১৬২, একাদশে ৫৮, দাদশে ১৪, ত্রােদশে ১২০, চতুর্দ্দশে ৯০, পঞ্চদশে, ০১, ষোড়শে ১০৫ এবং সপ্তদশে ০২৬।

মধ্যলীলা । । ৫৩৮৭। তন্মধ্যে প্রথম পরিচ্ছেদে ২৭০, দ্বিতীয়ে ৮৪, তৃতীয়ে ২১৬, চতুর্থে ২১০, পঞ্চমে ১৬০, বঠে ২৫৮, সপ্তমে ১৫১, অষ্টমে ২৬৪, নবমে ০০৭, দশমে ১৮০, একাদশে ২২৬, দ্বাদশে ২১৯, এয়োদশে ২০০, চতুর্দিশে ২৪২, পঞ্চদশে ২৯৬, বোড়েশে ২৮৭, সপ্তদশে ২২০, অষ্টাদশে ২১৯, উনবিংশে ২১৫, বিংশে ০০৭, একবিংশে ১২৭, দ্বাবিংশে ৯৭, ত্রোর্বিংশে ৬৯, চতুর্বিংশে ২৬৪ এবং পঞ্চবিংশে ২০০।

অন্ত: লীলা - ত ০৪২। ত মধ্যে প্রথম পরিচ্ছেদে ১৬৭, দিতীয়ে ১৭০, তৃতীয়ে ২৫৯, চতুর্থে ২০০, পঞ্চমে ১৫৫, বঠে ৩২১, সপ্তমে ১৫৭, অষ্টংম ৯৬, নবমে ১৫১, দশমে ১৫৯ একাদশে ১০৭, দাদশে ১৫৪, ত্রেষাদশে ১০৮, চতুর্দ্দশে ১১৬, পঞ্চশে ৮৬, যোড়শে ১৪১, সপ্তদশে ৬৮, অষ্টাদশে ১১৮, উনবিংশে ১০৫ এবং বিংশে ১৪৪।

ডাক্তার দীনেশচন্দ্র সেন মহাশয় লিখিয়াছেন—শুশ্রীটেচতন্তরিতামূতের মোট শ্লোকসংখ্যা ১৫০৫০; তন্মধ্যে আদিলীলায় ২৫০০, মধ্যে ৬০৫০ এবং অস্ত্যে ৬৫০০ (Bengali Language & Literature, 1st edition, P. 483) এম্বলে শ্লোকশব্দে তিনি প্রার ও ত্রিপদীই বোধ হয় মনে করেন। আমরা গণনা করিয়া যাহা পাইয়াছি, তাহাই উপরে লিখিত হইয়াছে।

#### আকর-গ্রন্থ

শ্রীশ্রীতৈতন্ত্রতামূতে যে সমস্ত গ্রন্থের প্রমাণ-বচন উদ্ধৃত হইয়াছে, তাহাদের নাম নিম্নে প্রদৃত্ত হইল :—

(১) অভিজ্ঞান-শকুত্বল-নাটক, (২) অমরকোষ, (৩) অনাদিব্যবহারসিদ্ধ প্রাচীন বাক্য, (৪) আদি প্রাণ, (৫) আর্থাশতক, (৬) উজ্ঞ্জননীলমণি. (1) উত্তরচরিত, (৮) উদ্বাহতত্ব, (৯) উপপ্রাণ, (১০) একাদশীতত্ব, (১১) কাত্যায়নসংহিতা, (১২) কাব্য প্রকাশ, (১০) কূর্মপুরাণ, (১৪) কৃষ্ণকর্ণায়ত, (১৫) গরুড্পুরাণ, (১৬) গীতগোরিন্দ, (১৭) গোপীপ্রেমায়ত, (১৮) গোবিন্দলীলায়ত, (১৯) গোরাহস্তবক্ষতক্ত (২০) তৈত্তচন্দ্রোদয় নাটক, (২১) জগরাথবন্ধত নাটক, (২২) দানকেলি কৌর্দী, (২০) দিখিজয়ী বাক্য, (২৪) নাটকচন্দ্রিকা, (২৫) নাম কৌর্দী, (২৬) নারদ পঞ্চরাত্র, (২৭) নাম কৌর্দী, (২৮) নৈষ্ধীয়, (২৯) ছায়শাল্ল, (৩০) পঞ্চনশী, (৩১) পঞ্চাবলী, (৩২) পল্পরাণ, (৩০) বাদনি, (৩৪) বঙ্গণশীয় বিপ্রকাশ, (৩০) বাদনা ভাল্য, (৩৬) বিদ্ধান্মধ্ব-নাটক, (৩৭) বিশ্বকাশ, (৩৮) বিষ্ণুর্বোণ, (৪০) বঙ্গপ্রাণ, (৪০) বছলগোত্মীয়তন্ত্র, (৪১) বহলরারদীয় পুরাণ, (৪২) বৈক্ষরতোম্বণী, (৪৩) বক্ষপ্তরাণ, (৪৪) বক্ষান্তর্বাণ, (৪৫) বক্ষপ্তরাণ, (৪৫) ক্রান্তর্নান্ত্রাণ্ডলন্মান্ত্রান্তর্নান্তর্নান্তর্নান্তর্নান্ত্রাণ্ডল্ডভ্রেম্বান্ত্রাণ, (৬৬) শ্রীক্ষর্নান্তর্নান্তর্নান্তর্নান্তর্নান্ত্রাণ, (৬০) শ্রীক্ষর্নান্তর্নান্তর্নান্তর্নান্তর্নান্তর্নান্তর্নান্তর্নান্তর্নান্তর্নান্তর্নান্তর্নান্তর্নান্তর্নান্তর্নান্ত্রাণ্ডল্লভ্রন্নান্ত্রাণ্ডল্লভ্রন্নান্ত্রাণ্ডল্লভ্রন্নান্ত্রাণ্ডল্লান্ত্রান্ত্রাণ্ডল্লান্ত্রাণ্ডল্লান্ত্রাণ, (৬৮) শ্রীক্ষর্নান্ত্রাণ্ডল্লান্ত্রাণ্ডল্লান্ত্রাণ্ডল্লান্ত্রাণ্ডল্লান্ত্রান্ত্রাণ্ডল্লান্ত্রাণ্ডল্লান্ত্রাণ্ডল্লান্ত্রান্ত্রান্ত্রাণ্ডল্লান্ত্রাণ্ডল্লান্ত্রাণ্ডল্লান্ত্রান্ত্রাণ্ডল্লান্ত্রাণ্ডল্লান্ত্রান্

এতব্যতীত বেদ, বেদাস্ত, উপনিষং, ষ্ড়দর্শনাদি গ্রন্থেরও অনেক স্থানের মর্ম কবিরাজগোস্বামী তাঁংগর গ্রন্থে প্রকাশ করিয়াছেন, অবশু এসমস্ত গ্রন্থ হইতে কোনও প্রমাণবাক্য তত্তৎ-স্থলে উদ্ধৃত করা হয় নাই।